

৪

# দৈনিক ইত্তেফাক

তারিখ 07 DEC 1994  
পৃষ্ঠা ৪১ কলাম ৭

ঢাকা বিশ্ববিদ্যালয়  
অর্থনীতি বিভাগের শিক্ষকদের  
কর্মবিরতি পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি  
বিভাগের শিক্ষক প্রফেসর এ, এইচ  
এম মাহবুবুল আলম ও প্রফেসর  
হারুনুর রশীদের পদচ্যুতির  
দাবীতে গতকাল (মঙ্গলবার) বিভা-  
গীয় শিক্ষকরা এক দলীয় কর্ম-  
বিরতি পালন করে। ঢাকা বিশ্ব-  
বিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকর  
পরিষদ উক্ত শিক্ষকদের বিরুদ্ধে  
উত্থাপিত অভিযোগসমূহ তদন্তের  
মধ্যমে অবিলম্বে যথাযথ ব্যবস্থা  
গ্রহণ এবং সাময়িকভাবে তাহাদের  
বরখাস্তের দাবী জানাইয়াছে।  
কার্যকর পরিষদ অর্থনীতি বিভাগের  
শিক্ষকদের জীবনের নিরাপত্তা  
নিশ্চিতকরণ ও তাহাদের মান-  
নর্যাদা রক্ষার স্বার্থে প্রয়োজনীয়  
ব্যবস্থা গ্রহণের জন্যও ভাইস  
চ্যান্সেলরের প্রতি আহ্বান জানাই-  
য়াছে।

আগামী ২২শে ডিসেম্বর অনতি-  
তব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক  
সমিতির ১৯৯৫ সালের কার্যকর  
পরিষদের নির্বাচন উপলক্ষে নৃত্তিকা  
বিজ্ঞান বিভাগের শিক্ষক প্রফেসর  
আনিবুল ইসলামকে নির্বাচন পরি-  
চালক নিয়োগ করা হইয়াছে।